# কর্মচারীদের অধিকার

## জাতীয় শ্রম সম্পর্ক আইনের অধীনে

জাতীয় শ্রম সম্পর্ক আইন বা ন্যাশনাল লেবার রিলেশনস্ অ্যাক্ট (এনএলআরএ) কর্মচারীদের সংগঠিত হওয়ার এবং সমষ্টিগতভাবে তাঁদের নিয়োগকারীর সঙ্গে দরদস্তুর করার অধিকার এবং অন্যান্য সংরক্ষিত যৌথ কার্যক্রমে অংশগ্রহণ বা উপরোক্ত যেকোনও কার্যক্রমে অংশগ্রহণ না-করার অধিকার নিশ্চিত করে। এনএলআরএ-র আওতাধীন কর্মচারীরা নিয়োগকারী এবং ইউনিয়নের নির্দিষ্ট ধরনের কয়েকটি দুর্ব্যবহার থেকে সুরক্ষিত থাকেন। এই বিজ্ঞপ্তিটি আপনার অধিকার এবং এনএলআরএ-র অধীনে নিয়োগকারী ও ইউনিয়নগুলির বাধ্যবাধকতা সম্পর্কে আপনাকে সাধারণ তথ্য দেয়। জাতীয় শ্রম সম্পর্ক পরিষদ বা ন্যাশনাল লেবার রিলেশনস্ বোর্ড (এনএলআরবি) একটি যুক্তরাষ্ট্রীয় সংস্থা, যাঁরা এনএলআরএ-র অধীনে অভিযোগের তদন্ত করেন এবং সমস্যার সমাধান করেন। আপনার নির্দিষ্ট কর্মস্থলের ক্ষেত্রে প্রযোজ্য বিশেষ কোনও অধিকার সম্পর্কে প্রশ্ন থাকলে, সংস্থাটির সঙ্গে নিম্নে প্রদত্ত ঠিকানায় যোগাযোগ করুন।

### এনএলআরএ-র অধীনে আপনার অধিকার রয়েছে:

- আপনার মজুরি, কাজের নির্দিষ্ট সময়কাল এবং চাকরির অন্যান্য শর্তাবলীর বিষয়ে আপনার নিয়োগকারীর সঙ্গে আলাপ-আলোচনার জন্য একটি ইউনিয়ন সংগঠিত করার।
- একটি ইউনিয়ন গঠন করা, তাতে যোগদান করা অথবা সহায়তা করার।
- কর্মচারীদের প্রতিনিধিদের মাধ্যমে যৌথভাবে আপনার নিয়োগকারীর সঙ্গে নিজস্ব একটি চুক্তির জন্য দরদস্তুর করা যেখানে আপনার মজুরী, কর্মঘন্টা এবং কাজের অন্যান্য শর্তাবলী নির্দিষ্ট করা যায়।
- আপনার মজুরী, সুযোগসুবিধা এবং চাকুরির অন্যান্য শর্তাবলী নিয়ে আলোচনা অথবা আপনার সহকর্মীদের নিয়ে ইউনিয়ন সংগঠিত করা অথবা একটি ইউনিয়নে যোগ দিতে পারেন।
- আপনার কাজের পরিবেশের উন্নতি ঘটানোর জন্য এক বা একাধিক সহকর্মীকে নিয়ে অন্যান্য উপায়ের সঙ্গে আপনার নিয়োগকারীর কাছে বা একটি সরকারী সংস্থার কাছে সরাসরি কাজ সংক্রান্ত অভিযোগ জানানো এবং একটি ইউনিয়নের সাহায্য নেওয়া।
- ধর্মঘট এবং বিক্ষোভের উদ্দেশ্য বা উপায়ের ওপর নির্ভর করে ধর্মঘট এবং বিক্ষোভ করা।
- কোনও ইউনিয়নে যোগ দেওয়া বা তার সদস্য হওয়া বা থাকাসহ এই সব কার্যকলাপের কোনওটিই না-করতে পারেন।

### এনএলআরএ-র অধীনে, আপনার নিয়োগকারীর পক্ষে এগুলি বেআইনি:

- আপনার কাজের সময়ের বাইরে, যেমন কাজের আগে বা পরে বা টিফিনের সময় কোনও ইউনিয়নের বিষয়ে বা ইউনিয়নের পক্ষে কথা বলা বা কাজের সময়ের বাইরে, কাজের এলাকার বাইরে, যেমন পার্কিং-এর জায়গায় বা টিফিন রুমে ইউনিয়নের পত্রপত্রিকা বিতরণ নিষিদ্ধ করা।
- আপনাকে ইউনিয়নের সমর্থন বা কার্যাবলী নিয়ে এমনভাবে প্রশ্ন করা যাতে আপনাকে সেই কাজ থেকে নিরুৎসাহিত করা যায়।
- আপনি কোনও ইউনিয়নে যোগ দেওয়া বা সমর্থন করার কারণে, অথবা আপনি পারস্পরিক সহায়তা ও সুরক্ষার জন্য যৌথ কার্যক্রমে যোগ দেওয়ার জন্য অথবা ওই ধরনের কোনও কাজে আপনি যোগ না দেওয়ার জন্য আপনাকে কাজ থেকে বহিষ্কার করা, বদলি করা বা আপনার কাজের ঘন্টা কমিয়ে দেওয়া বা শিফট্ এমনভাবে পরিবর্তিত করে দেওয়া যা আপনার পক্ষে ক্ষতিকর হয়, অথবা ওই সব ব্যবস্থা নেওয়ার জন্য হুমকি দেওয়া।
- কর্মীরা তাঁদের প্রতিনিধিত্বের জন্য কোনও একটি ইউনিয়নকে নির্বাচন করলে কাজের জায়গা বন্ধ করে দেওয়ার হুমকি দেওয়া।
- ইউনিয়নকে সমর্থন করতে নিরুৎসাহিত বা উৎসাহিত করার জন্য পদোন্নতি, বেতন বৃদ্ধি, অথবা অন্যান্য সুযোগসুবিধার প্রতিশ্রুতি দেওয়া।
- বিশেষ পরিস্থিতি ছাড়া কর্মস্থলে আপনাকে ইউনিয়নের টুপি, বোতাম, টি-শার্ট এবং পিন ইত্যাদি পরতে নিষেধ করা।
- ইউনিয়নের শান্তিপূর্ণ কার্যকলাপ বা জমায়েতের উপর নজরদারি করা বা ভিডিওটেপ করা বা সেরকম করার ভান করা।

### এনএলআরএ-এ অনুসারে, একটি ইউনিয়নের পক্ষে অথবা নিয়োগকারীর সঙ্গে দরদস্তুর করার জন্য আপনার প্রতিনিধি ইউনিয়নের জন্য এগুলি বেআইনি:

- আপনাকে ইউনিয়নের সমর্থন আদায়ের জন্য হুমকি দেওয়া বা বাধ্য করা।
- ইউনিয়ন পদাধিকারীদের সমালোচনা করার কারণে বা আপনি ইউনিয়নের সদস্য না হওয়ার কারণে কোনও একটি নালিশের বিষয়ে ব্যবস্থা নিতে অস্বীকার করা।
- একটি নিয়োগের স্থান থেকে কর্মী নেওয়ার সময় বৈষম্যমূলক আচরণ করা বা সেরকম পদ্ধতি বজায় রাখা।
- আপনার ইউনিয়ন-সম্পর্কিত কার্যকলাপের জন্য আপনার বিরুদ্ধে বৈষম্যমূলক আচরণ করা বা নিয়োগকারীকে তেমন আচরণ করতে বাধ্য করা।
- আপনি ইউনিয়নে যোগ দেননি বা তাদের সমর্থন করেননি বলে আপনার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া।

**যদি আপনি বা আপনার সহকর্মীরা আপনাদের যৌথ দরদস্তুরের প্রতিনিধি হিসাবে কাজ করার জন্য একটি ইউনিয়ন নির্বাচিত করেন, তাহলে আপনার নিয়োগকারী এবং ইউনিয়ন আপনার চাকরীর শর্তাবলী নির্দিষ্ট করে লেখা একটি অবশ্য-পালনীয় চুক্তি অবলম্বন করার জন্য অকপট এবং যথার্থ সততার ভিত্তিতে সুপ্রচেষ্টা করতে বাধ্য। দরদস্তুর এবং চুক্তি কার্যকর করার বিষয়ে ন্যায্যভাবে আপনাদের পক্ষ অবলম্বন করা ইউনিয়নের জন্যে বাধ্যতামূলক।**

**কোনও বেআইনি আচরণ করতে দেওয়া হবে না।** আপনি যদি বিশ্বাস করেন যে আপনার অধিকার বা অন্যান্যদের অধিকার লঙ্ঘিত হয়েছে, আপনার অধিকার সুরক্ষিত করার জন্য আপনাকে সঙ্গে সঙ্গে, সাধারণ ভাবে সেই বেআইনি কাজের ছয় মাসের মধ্যে এনএলআরবি-র সঙ্গে যোগাযোগ করতে হবে। আপনি আপনার নিয়োগকারী বা অন্য কোনও ব্যক্তিকে না জানিয়ে সম্ভাব্য অধিকারভঙ্গের বিষয়ে খবর নিতে পারেন। যেকোনও পক্ষ অভিযোগ দায়ের করতে পারেন এবং অধিকারভঙ্গের ফলে প্রত্যক্ষভাবে ক্ষতিগ্রস্ত কর্মচারীকেই তা দায়ের করার প্রয়োজন নেই। আইনভঙ্গ করে কোনও কর্মচারীকে বহিষ্কৃত করা হলে এনএলআরবি নিয়োগকারীকে সেই কর্মচারীর পুনর্নিয়োগ এবং বকেয়া মজুরি ও সুযোগসুবিধা ফিরিয়ে দেওয়ার আদেশ দিতে পারে। কর্মচারীদের নিকটবর্তী আঞ্চলিক এনএলআরবি অফিস থেকে সহায়তা চাওয়া উচিৎ, যা এজেন্সির ওয়েবসাইট: **http://www.nlrb.gov – তে লভ্য।**

আপনি নিম্নোক্ত টোল-ফ্রি নম্বরে ফোন করে এনএলআরবি-র সঙ্গে যোগাযোগ করতে পারেন **1-866-667-NLRB (6572)** অথবা শ্রবণগত প্রতিবন্ধীদের জন্য **(TTY) 1-866-315-NLRB (1-866-315-6572)।**

If you do not speak or understand English well, you may obtain a translation of this notice from the NLRB's Web site or by calling the toll-free numbers listed above.

---

* অধিকাংশ বেসরকারি নিয়োগকারী জাতীয় শ্রম সম্পর্ক আইন বা ন্যাশনাল লেবার রিলেশনস্ অ্যাক্টের আওতাভুক্ত । সরকারি কর্মচারী, কৃষিক্ষেত্র ও গৃহস্থালীর কর্মী, স্বাধীন ঠিকাদার, পিতামাতা বা স্বামী কিংবা স্ত্রী কর্তৃক নিযুক্ত ব্যক্তি, বিমান বা রেল সংস্থার কর্মচারী যাঁরা রেলওয়ে শ্রম আইনের অধীন, এবং সুপারভাইজাররা (যদিও সুপারভাইজার যাঁরা এনএলআরএ ভঙ্গ করতে না চাওয়ার জন্য তাঁদের বিরুদ্ধে বৈষম্যমূলক আচরণ করা হয়েছে, তাঁরা এর আওতায় থাকতে পারেন) এর আওতার বাইরে।

**এটি একটি সরকারি বিজ্ঞপ্তি এবং অবশ্যই কেউ এর ক্ষতিসাধন করবেন না।**

**[BENGALI]**
**NOVEMBER 2011**